NYC Department of Education
Joel I. Klein, Chancellor

# ২০১০-২০১১ ওপেন স্কুল সপ্তাহ এবং প্যারেন্ট টিচার বৈঠক
**১ জুন, ২০১০**

*প্যারেন্ট-টিচার বৈঠকের রিপোর্ট জমা দেয়া সংশোধনীর অন্তর্ভুক্ত (পৃষ্ঠা ৩, অনুচ্ছেদ ৭ এবং পৃষ্ঠা ৪)।*

## ১. ওপেন স্কুল সপ্তাহ

১৪ নভেম্বর থেকে ২০ নভেম্বর পর্যন্ত ১ সপ্তাহব্যাপী ওপেন স্কুল সপ্তাহ উদযাপন হবে। এর থিম হবে " গ্রেট পাবলিক স্কুল: এ বেসিক রাইট অ্যান্ড আওয়ার রেসপনসিবিলিবিটি" (ভালো পাবলিক স্কুল: আমাদের অধিকার ও দায়-দায়িত্ব। এখনি সময় পিতামাতা-স্কুল সম্পর্ককে স্থায়ী করার যা প্রতিটি শিক্ষার্থীর শিক্ষাগত সাফল্য নিশ্চিত করার জন্য আবশ্যক গতিশীল অংশীদারিত্ব তৈরির পথে আমাদেরকে এগিয়ে নিয়ে যাবে। আকর্ষণীয় কর্মসূচি এবং বৈঠকের ব্যবস্থা করার সাথে সাথে সকল স্তরের ছেলেমেয়ে ও পিতামাতাগণ পরিদর্শন করতে উৎসাহিত বোধ করেন, স্কুলগুলোকে এমনসব উপকরণ ও প্রদর্শনীর সুযোগ করে দিতে হবে।

গত বছর সিটির সর্বত্র সকল পরিবারের জন্য একটি গুরুত্বপূর্ণ বাড়তি উপকরণ 'এআরআইএস প্যারেন্ট লিংক' চালু করা হয়েছে। এতে উপস্থিতি, ট্রান্সক্রিপ্ট, স্টেট পরীক্ষা ও পর্যাবৃত্ত মূল্যায়নের ফল ইত্যাদিসহ আলাদাভাবে প্রতিটি শিক্ষার্থীর তথ্য অন্তর্ভুক্ত আছে। এসব মূল্যবান তথ্য জানার জন্য পিতামাতাগণ যাতে লগ অন করতে এবং তাদের সন্তানদের কার্যসম্পাদনা সম্পর্কিত তথ্য প্যারেন্ট-টিচার বৈঠকের পূর্বেই পর্যালোচনা করতে পারেন, স্কুলগুলোকে সে ব্যাপারে পিতামাতাদেরকে সাহায্য করতে হবে। এছাড়াও প্যারেন্ট-টিচার বৈঠকের কাঠামো তৈরির বিষয়টি স্কুলগুলোকে বিবেচনা করতে হবে যাতে একটি কমপিউটার থাকলে এপিএল থেকে সরাসরি অনলাইনে দেয়া তথ্য পর্যালোচনা করা যায়। প্যারেন্ট-টিচার মতবিনিময়ের ক্ষেত্রে এপিএল একটি সাধারণ কাঠামোর সুযোগ দিতে পারে।

স্কুলকর্মীগণ ডিস্ট্রিক্ট ফ্যামেলি অ্যাডভোকেট এবং প্যারেন্ট কোঅর্ডিনেটরদের সাথে কাজ করবেন যাতে পিতামাতাদের ক্লাসরুম পরিদর্শনের এবং বাড়িতে পাঠানো বিজ্ঞপ্তিসমূহে অন্তর্ভুক্ত প্রক্রিয়া উল্লেখ থাকবে। ব্যবস্থা করা যায়। এছাড়া এসব প্রক্রিয়াকে স্থানীয় ডিস্ট্রিক্ট অফিসেও নথিভুক্ত করতে হবে। অধিক অংশগ্রহণের জন্য সকল বিজ্ঞপ্তিকে পিতামাতাদের মাতৃভাষায় অনূদিত হতে হবে।

## ২. প্যারেন্ট-টিচার বৈঠনকসমূহ

এই বিজ্ঞপ্তির তালিকাভুক্ত প্যারেন্ট-টিচার বৈঠক অন্য কোন ধরনের প্যারেন্ট-টিচার বৈঠকের সংখ্যাকে সীমীত করতে পারবে না। এই তালিকাভুক্ত প্যারেন্ট-টিচার বৈঠক ছাড়াও গ্রেড, ক্লাস, গাইডেন্স, এবং ইনডিভিজুয়াল এডুকেশন প্রগ্রাম (আইপি) বৈঠকসহ পিতামাতা ও স্কুল কর্তৃপক্ষের মধ্যস্থ স্পেশাল এডুকেশনের শিক্ষার্থীর আলাদা বৈঠকসহ বিভিন্ন বৈঠকের ব্যবস্থা করা অত্যন্ত ভালো কাজ যেগুলোকে সারা স্কুল বছরব্যাপী আয়োজনে উৎসাহিত করা আবশ্যক।

**স্কুলের শিক্ষা সফর বা অন্যান্য পরিবহণ পরিষেবা এবং কর্মসূচিতে যাতে প্রতিবন্ধকতা সৃষ্টি না হয়, সেজন্য স্কুলগুলোকে বৈকালিক বৈঠকের নিম্নোল্লিখিত সিটিভিত্তিক তারিখগুলো থেকে সরে যাওয়া কখনও উচিত নয়।** যদি কোন পিতামাতার তারিখ ও সময়ের সামঞ্জস্যবিধান করতে সমস্যা হয়, তাহলে সেসব পিতামাতাকে উভয়পক্ষের সম্মতি সাপেক্ষে প্যারেন্ট-টিচার বৈঠকের একটি সময় নির্দিষ্ট করতে উৎসাহিত করা হয়। শিক্ষানির্দেশনার জন্য সম্ভাব্য অধিক সময় নিশ্চিত করতে প্যারেন্ট-টিচার বৈঠকের জন্য আরেকটি অর্ধেক দিন ব্যয় করার অনুমোদন দেয়া হবে না। স্কুল পর্যায়ে প্রতিটি সেমেস্টারে একটি বৈকালিক প্যারেন্ট-টিচার বৈঠকের তারিখ ঠিক করা হয় এবং স্টেটের নির্দিষ্ট ১৮০ দিনের শিক্ষানির্দেশনার শর্ত পালনের জন্য কনফারেন্স ডে ক্রেডিট দেয়া হয়। পিরিয়ড অ্যাটেনডেন্স রিপোর্ট (পিএআর) সংক্রান্ত কারণে বৈকালিক প্যারেন্ট-টিচার বৈঠককে শিক্ষানির্দেশনার সময় হিসেবে গণ্য করা হয়।

## ৩. ২০১০-২০১১ প্যারেন্ট-টিচার বৈঠকের তারিখসমূহ

| সান্ধ্য* | বৈকালিক |
|---|---|

**এলিমেন্টারি স্কুল, হেমন্ত ২০১০**

| | |
|---|---|
| *বুধবার, ১০ নভেম্বর, ২০১০ – সান্ধ্য | মঙ্গলবার, ৯ নভেম্বর, ২০১০ – বৈকালিক |

**এলিমেন্টারি স্কুল, বসন্ত ২০১১**

| | |
|---|---|
| *বুধবার, ১৬ মার্চ, ২০১১ – সান্ধ্য | মঙ্গলবার, ১৫ মার্চ ২০১১ – বৈকালিক |

**ইন্টারমিডিয়েট এবং জুনিয়র হাই স্কুল, হেমন্ত ২০১১**

| | |
|---|---|
| *সোমবার, ১৫ নভেম্বর, ২০১০ – সান্ধ্য | মঙ্গলবার, ১৬ নভেম্বর, ২০১০ – বৈকালিক |

**ইন্টারমিডিয়েট এবং জুনিয়র হাই স্কুল, বসন্ত ২০১১**

| | |
|---|---|
| *বুধবার, ১৬ ফেব্রুয়ারি, ২০১১ – সান্ধ্য | বৃহস্পতিবার, ১৭ ফেব্রুয়ারি, ২০১১ – বৈকালিক |

**হাই স্কুল, হেমন্ত ২০১১**

| | |
|---|---|
| *বৃহস্পতিবার, ২৮ অক্টোবর, ২০১০ – সান্ধ্য | শুক্রবার, ২৯ টৌবর, ২০১০ – বৈকালিক |

**হাই স্কুল, বসন্ত ২০১১**

| | |
|---|---|
| *বৃহস্পতিবার, ১৭ মার্চ ২০১১ – সান্ধ্য | শুক্রবার, ১৮ মার্চ, ২০১১ – বৈকালিক |

**** ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল কর্মসূচি, হেমন্ত ২০১১**

| | |
|---|---|
| *বুধবার, ৩ নভেম্বর, ২০১০ – সান্ধ্য | বৃহস্পতিবার, ৪ নভেম্বর, ২০১০ – বৈকালিক |

**** ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল কর্মসূচি, বসন্ত ২০১১**

| | |
|---|---|
| *সোমবার, ২১ মার্চ, ২০১১ – সান্ধ্য | মঙ্গলবার, ২ মার্চ, ২০১১ – বৈকালিক |

* স্কুলগুলো উপরের তালিকা থেকে সান্ধ্য বৈঠকের জন্য ভিন্ন কোন তারিখ বেছে নিতে পারবে। পিতামাতাগণ যাতে অংশগ্রহণ করতে সক্ষম হন সে বিবেচনায় দিন-তারিখ সামঞ্জস্যপূর্ণ হতে হবে, অধিকাংশ পিতামাতাদের কাজের সময়সূচির কথা বিবেচনা করে বিকাল ৫:৩০ মিনিটের আগে পিতামাতাদের আসতে বলা যাবে না এবং সংশ্লিষ্ট তথ্য অবশ্যই ফাইলে থাকতে হবে। পিতামাতাদেরকে অবশ্যই ৪ সপ্তাহের সময় দিয়ে বিজ্ঞপ্তি দিতে হবে। স্কুলের জনসংখ্যার সাথে সঙ্গতিবিধান করে প্রয়োনে বিজ্ঞপ্তি অনুবাদ করে দিতে হবে। কোন সান্ধ্য তারিখ পরিবর্তন করা যাবে না। এছাড়াও লক্ষ রাখতে হবে যে সান্ধ্য বৈঠকের জন্য আড়াই ঘণ্টা সময়ের প্রয়োজন হবে। প্রিন্সিপ্যালদের স্মরণ করিয়ে দেয়া যাচ্ছে যে সান্ধ্য বৈঠকের কমপক্ষে এক সপ্তাহ পূর্বে নিরাপত্তা ব্যবস্থার জন্য অনুরোধ জানাতে হবে। পাবলিক স্কুলের অভ্যন্তরে অবস্থিত অর্ধ দিবস প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচির জন্য নিচরে ৬ নং অংশশ দেখুন।

** নন-ডিস্ট্রিক্ট ৭৫ স্কুলে অবস্থিত ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল কর্মসূচিকে উপরে উল্লিখিত সেই স্কুল পর্যায়ে বৈকালিক ও সান্ধ্য প্যারেন্ট-টিচার বৈঠকের তারিখের সাথে সঙ্গতিবিধান করতে হবে। স্বনিয়ন্ত্রিত ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল কাঠামোগুলোকে ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল কর্মসূচির জন্য নির্ধারিত বৈকালিক ও সান্ধ্য প্যারেন্ট-টিচার বৈঠকের তারিখের সাথে সঙ্গতিবিধান করতে হবে (উপরে দেখুন)।

আরও দ্রষ্টব্য: যেসব স্কুলে একাধিক শিক্ষানির্দেশনা স্তরের গ্রেডগুলো (এলিমেন্টারি, মিড্‌ল্‌, হাই স্কুল), তাদেরকে ২০১০-২০১১ স্কুল বছরের শুরুতেই ফাইলের অন্তর্ভুক্ত সেট তারিখগুলো থেকে একটি ঠিক করে নিতে হবে।

**৪. বৃহস্পতিবার, ২৮ অক্টোবর, ২০১০ এবং বৃহস্পতিবার, ১৭ মার্চ, ২০১০ রাতগুলোর কর্মকাণ্ড বাতিল করা**

যেসব স্কুলে সান্ধ্য বৈঠক অনুষ্ঠিত হবে, সেগুলোতে বয়স্ক ও অব্যাহত শিক্ষা কর্মকাণ্ড বাতিল করা হবে।

**৫. বৈকালিক বৈঠকের জন্য পরিবহন প্রক্রিয়া**

বৈকালিক প্যারেন্ট-টিচার সাক্ষাতের জন্য স্কুলের সময় থেকে ২ঘণ্টা সময় দেয়া হবে। সাধারণত এই ২ ঘণ্টা সময়ের জন্য শিক্ষার্থীদের স্কুল থেকে ছুটি দেয়া হয়। সাধারণ ক্লাসের শিক্ষার্থীদের তাদের ছুটির সময়সূচি অনুযায়ী বাস পরিবহণের ব্যবস্থা রাখতে হবে। শিক্ষার্থীদের ছুটি দেয়া হবে তাদের নিয়মিত স্কুল দিবসের ছুটির সময়ের তিন ঘণ্টা আগে। স্কুলগুলো প্যারেন্ট-টিচার বৈঠকের সময়সূচি অনুসরণ (সেকশন ৩-এ তালিকাভুক্ত) করলে অফিস অব পিপল্ ট্রান্সপোর্টেশন (ওপিটি) যে দিনগুলোতে আগে ছুটি দেয়া হয়, সে দিনগুলোতে শিক্ষার্থীদের যথা সময়ে শিক্ষার্থীদের নিয়ে যাওয়ার বাস কোম্পানিগুলোর সাথে ব্যবস্থা করে নেবে। এক্ষেত্রে স্কুলগুলোকে ওপিটি-এর সাথে যোগাযোগ করতে হবে না, তবে যে দিন আগে ছুটি দেয়া হবে, তার কয়েকদিন আগে বাস ড্রাইভারদের সাথে আলাপ করে নিশ্চিত হওয়ার জন্য স্কুলগুলোকে পরামর্শ দেয়া হচ্ছে। লাঞ্চ-এর সময়সূচিতে প্রয়োজনীয় পরিবর্তন এবং পিতামাতাদের অবহিত করার বিষয়টি নিশ্চিত করতে হবে।

**৬. যে পাবলিক স্কুল সাইটে প্রিকিন্ডারগার্টেন আছে, সেখানে যেভাবে অর্ধ দিবস স্কুলের সময়সূচি**

হেমন্ত ও বসন্ত টার্ম অধিবেশন সকল শিক্ষার্থীদের জন্য সমান সময়বিশিষ্ট হতে হবে। হেমন্ত টার্ম-এ এলিমেন্টারি স্কুলের বৈকালিক বৈঠক থাকলে প্রভাতি প্রিকিন্ডারগার্টেন ক্লাস সকালের অধিবেশনে অংশ নেবে, তবে আপরাহ্ণিক প্রিকিন্ডারগার্টেন কর্মসূচির শিক্ষার্থীরা সেদিন স্কুলে আসবে না। বসন্ত টার্ম-এ এলিমেন্টারি স্কুলের বৈকালিক বৈঠক থাকলে আপরাহ্ণিক প্রিকিন্ডারগার্টেন কর্মসূচির শিক্ষার্থীরা সকালে ক্লাস করবে, তবে প্রভাতি প্রিকিন্ডারগার্টেন কর্মসূচির শিক্ষার্থীরা সেদিন স্কুলে আসবে না।

**৭. ২০১০-২০১১ সালের প্যারেন্ট-টিচার বৈঠকের রিপোর্ট**

সংযুক্ত ফরম-এ প্রিন্সিপ্যালদেরকে নিচের তথ্য স্থানীয় ডিস্ট্রিক্ট অফিসের ডিস্ট্রিক্ট ফ্যামেলি অ্যাডভোকেটকে জানাতে হবে।

৭.১ বৈকালিক বৈঠকে কতোজন পিতামাতা অংশগ্রহণ করেছেন।
৭.২ হেমন্ত কালের সান্ধ্য বৈঠকে কতোজন পিতামাতা অংশগ্রহণ করেছেন।
৭.৩ বসন্ত কালের বৈকালিক বৈঠকে কতোজন পিতামাতা অংশগ্রহণ করেছেন।
৭.৪ বসন্ত কালের সান্ধ্য বৈঠকে কতোজন পিতামাতা অংশগ্রহণ করেছেন।
৭.৫ হেমন্ত কালের প্যারেন্ট-টিচার বৈঠকের দিনের আগে কতোটি রিপোর্ট কার্ড পিতামাতাদের কাছে বিলি করা হয়েছে।
৭.৬ বসন্ত কালের প্যারেন্ট-টিচার বৈঠকের দিনের আগে কতোটি রিপোর্ট কার্ড পিতামাতাদের কাছে বিলি করা হয়েছে।
৭.৭ হেমন্ত ও বসন্ত কালের প্যারেন্ট-টিচার বৈঠকের দিন কতোটি রিপোর্ট কার্ড পিতামাতাদের কাছে বিলি করা হয়েছে।

প্রিন্সিপ্যালদের কাছ থেকে হেমন্ত টার্মের তথ্য **শুক্রবার, ১০ ডিসেম্বর, ২০১০ তারিখের মধ্যে** এবং বসন্ত টার্মের তথ্য **শুক্রবার, ৬ মে, ২০১১ তারিখের মধ্যে** ডিস্ট্রিক্ট অফিসের কাছে পৌঁছাতে হবে। তথ্য ফাইলে সংরক্ষিত থাকতে হবে।

**নিচের বিষয় সম্পর্কিত প্রশ্ন:**

- প্রিকিন্ডারগার্টেন শিক্ষার্থীদের যাতায়াতের জন্য স্কুল থেকে 718-482-3800 নম্বরে ফোন করতে হবে। স্কুলগুলোকে পরিবহন সংক্রান্ত অন্যসব প্রশ্নের জন্য তাদের সিএফএন ট্রান্সপোর্টেশন লিয়াজোঁ কিংবা ওপিটি-এর কাছে 718-392-8855 নম্বরে ফোন করতে হবে।
- সংবাদ প্রকাশে বা পিরিয়ড অ্যাটেনডেন্স রিপোর্ট (পিএআর) সংক্রান্ত সমস্যায় পিউপ্ল্ অ্যাকাউন্টিং সেক্রেটারি/অ্যাটেনডেন্স কর্মীরা পিএআর ইউনিটে তাদের লিয়াজোঁ-এ সাথে যোগাযোগ করবেন।
- কোন সীমিত বা ইংরেজিতে কথা না বলা পিতামাতাদের সাথে অর্থবহ যোগাযোগের জন্য স্কুলভিত্তিক কর্মকর্তাগণ বৈকালিক ও সান্ধ্য প্যারেন্ট-টিচার বৈঠক চলাকালে ডিওই-এর ট্রান্সলেশন ইউনিটের সাথে 718-752-7373 এক্সটেনশন 4 নম্বরে ফোনে দোভাষীর সহায়তার জন্য যোগাযোগ করতে হবে। এই পরিষেবা সান্ধ্য বৈঠকের তারিখে রাত ৮:৩০মিনিট পর্যন্ত পাওয়া যাবে।
- এই নথি সম্পর্কিত কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে (212) 374-2323 নম্বরে ফোন করুন।

Department of Education
Joel I. Klein, Chancellor

# ২০১০-২০১১ সালের প্যারেন্ট-টিচার বৈঠকের রিপোর্ট

**নির্দেশনা:** অনুগ্রহ করে এই ফরমটি পূরণ করুন এবং ডিস্ট্রিক্ট ফ্যামেলি অ্যাডভোকেটের কাছে পাঠিয়ে দিন। হেমন্ত টার্ম রিপোর্ট জমা দেয়ার শেষ দিন শুক্রবার, ১০ ডিসেম্বর, ২০১০, এবং বসন্ত টার্ম রিপোর্টের জন্য শুক্রবার,১০ ডিসেম্বর, ২০১০। কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে সংশ্লিষ্ট স্কুল সাপোর্ট অর্গ্যানাইজেশনের কাছে কিংবা 212-374-2323 নম্বরে ফোন করুন।

স্কুলের ডিবিএন:____________________ প্রিন্সিপ্যাল:________________________________

যে সময়ের রিপোর্ট দেয়া হচ্ছে (একটিকে বৃত্তাবদ্ধ করুন): হেমন্ত বসন্ত

গ্রেড পর্যায়(একটিকে বৃত্তাবধ্ধ করুন): এলিমেন্টারি মিড্‌ল্‌ হাই কে-৮ কে-১২ অন্যান্য: ________________________

মোট শিক্ষার্থী সংখ্যা:

____________

বৈকালিক বৈঠকের তারিখ: __/_____/_____ সান্ধ্য বৈঠকের তারিখ: ___/_____/____

বৈকালিক বৈঠকগুলোতে কতোজন পিতামাতা/তত্ত্বাবধায়ক অংশগ্রহণ করেছেন: ________

সান্ধ্য বৈঠকগুলোতে কতোজন পিতামাতা/তত্ত্বাবধায়ক অংশগ্রহণ করেছেন: _________

বৈঠকের তারিখের আগে কতোগুলো **ইংরেজি** রিপোর্ট কার্ড বিলি করা হয়েছে: ________

বৈঠকের তারিখে কতোগুলো **ইংরেজি** রিপোর্ট কার্ড বিলি করা হয়েছে:________

বৈঠকের তারিখের আগে কতোগুলো **অনূদিত** রিপোর্ট কার্ড বিলি করা হয়েছে: ________

বৈঠকের তারিখে কতোগুলো **অনূদিত** রিপোর্ট কার্ড বিলি করা হয়েছে: ________

(সকল গ্রেডের অনূদিত রিপোর্টকার্ড ডিওই-এ ইনট্রানেটে
http://www.nycboe.net/AdminOrg/Offices/TeachingLearning/ReportCards.aspx পাওয়া যায়।